# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার
# কার্যবিবরণী মার্চ/২০২৫

সভাপতি: মো: আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার,
কাহারোল, দিনাজপুর।

তারিখ: ১৩/০৩/২০২৫ খ্রি:
রোজ: বৃহস্পতিবার
সময়: সকাল ১১ ঘটিকা।
স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

আলোচ্য সূচী: ০১। রবি/২০২৪-২৫ মৌসুমে ফসলের কর্তন ও উৎপাদন এবং মাঠে দন্ডায়মান বোরো ধানের আন্তঃপরিচর্যা প্রসঙ্গে।
০২। আসন্ন খরিফ-১/ ২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের পূর্ব প্রস্তুতি প্রসঙ্গে।
০৩। বিবিধ।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিষয় ভিত্তিক আলোচনা করার জন্য উপজেলা কৃষি অফিসার মহোদয়কে অনুরোধ জানান। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, কাহারোল, দিনাজপুর জানান যে, রবি/২০২৪-২৫ মৌসুমে আলু, গম, সরিষা ফসলের কর্তন সম্পন্ন হয়েছে। আলুর আবাদ ৪০১০ হেক্টর, গড় ফলন ২৯.৪৩ মে. টন, মোট উৎপাদন ১,১৮,০৩০ মে. টন, গমের আবাদ ৭৫ হেক্টর, গড় ফলন ৩.৮৫ মে. টন, মোট উৎপাদন ২৮৯ মে. টন এবং সরিষা ফসলের আবাদ ৯০০ হেক্টর, গড় ফলন ১.৫৪ মে. টন এবং মোট উৎপাদন ১৩৮৬ মে. টন- যা লক্ষমাত্রা অতিক্রম করেছে। এছাড়াও মাঠে দন্ডায়মান বোরো ধানের বিভিন্ন বালাই যেমন মাজরা প্রতিরোধে ধানক্ষেতে পার্চিং করা, ব্লাষ্ট প্রতিরোধে ধানক্ষেতে পানি ধরে রাখা এবং বিএলবি প্রতিরোধে ধানক্ষেতে বিঘা প্রতি ৫-৭ কেজি এমওপি সার উপরি প্রয়োগের পরামর্শ প্রদান করা।

উপজেলা কৃষি অফিসার মহোদয় আরও জানান যে, আসন্ন খরিফ-১/২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদের লক্ষ্যমাত্রা আউশ ধান ৬৬৭ হেক্টর, পাট ৩৭০ হেক্টর, গ্রীষ্মকালীন ভুট্টা ২০২৫ হেক্টর, শাকসবজি ১৪৫ হেক্টর, গ্রীষ্মকালীন টমেটো ৮০ হেক্টর, মরিচ ১৬ হেক্টর, বস্তায় আদা চাষ ৮৩৯৫ বস্তা নির্ধারণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ ১- মাঠে দন্ডায়মান বোরো ধানের বিভিন্ন রোগ ও পোকামাকড়ের কারণে যেন ক্ষতি না হয় সেজন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে ব্লকে উপস্থিত হয়ে কৃষকগণকে পোকামাকড় দমন, পানি ও সার ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত করতে হবে।

সিদ্ধান্তঃ ২- খরিফ- /২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদের লক্ষ্যমাত্রা অর্জনে ব্লক পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে নিয়মিত মাঠ পরিদর্শন অব্যাহত রাখতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

মো: আমিনুল ইসলাম
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।